গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, প্লট-এফ ১/এ, আগারগাঁও
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
(কাস্টমস ও ভ্যাট প্রশাসন-৩ শাখা)
www.nbr.gov.bd

সিস্টেমস ম্যানেজার দপ্তর, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা
ডাইরী নং.............
তারিখ 02/02/25

নথি নং: ০৮.০১.০০০০.০১৩.০১.০৫৭.১৬/১৩৮(৪)

মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
তারিখঃ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

## আদেশ

যেহেতু, মিজ উম্মে রুমানা ইসলাম (জন্ম তারিখ: ১৮/০৯/১৯৮৭ খ্রিঃ) সহকারী রাজস্ব কর্মকর্তা (সাময়িক বরখাস্ত), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা এর বিরুদ্ধে গত ১৮/০৫/২০২১ খ্রিঃ তারিখ হতে অদ্যবধি অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা' ২০১৮ এর বিধি-৩ (গ) অনুযায়ী "পলায়ন"এর অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক জাতীয় রাজস্ব বোর্ডের ২০/১২/২০২২ খ্রিঃ তারিখের ০৮.০১.০০০০.০১৩.০১.০৫৭.১৬/২৮১ নং স্মারক মোতাবেক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণের জন্য কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা বরাবর প্রেরণ করা হয়। অভিযোগনামা ও অভিযোগ বিবরণী অভিযুক্ত কর্মকর্তার বর্তমান ও স্থায়ী ঠিকানায় রেজিষ্টার্ড ডাক যোগে প্রেরণ করা হলেও তা অদ্যবধি এ দপ্তরে ফেরত আসেনি এবং লিখিত জবাব প্রেরণের সময় ইতোমধ্যে অতিবাহিত হলেও অভিযুক্ত কর্মকর্তার নিকট হতে কোন লিখিত জবাব পাওয়া যায়নি মর্মে কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ) ঢাকা এর ২৭/০২/২০২৪ খ্রিঃ তারিখের ২(২২)গোপনীয়/ব্যক্তিগত/০৩/২০২১/৪০ নং স্মারকের মাধ্যমে জাতীয় রাজস্ব বোর্ডকে অবহিত করা হয়।

০২। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা নির্ধারিত সময়ের মধ্যে জবাব দাখিল করেননি এবং ব্যক্তিগত শুনানীর জন্য আগ্রহ প্রকাশ করেননি। পরবর্তীতে উক্ত বিভাগীয় মামলার বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডের ০৩/০৪/২০২৪ খ্রিঃ তারিখে ০৮.০১.০০০০.০১৩.০১.০৫৭.১৬-৬৩ নং স্মারকের মাধ্যমে জনাব রাবেয়া খাতুন, উপ-কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা'কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্রাদি পর্যালোচনা করে প্রাপ্ত দলিলাদির বিশ্লেষণে মিজ উম্মে রুমানা ইসলাম ১৮/০৫/২০২১ খ্রিস্টাব্দ তারিখ হতে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগটি প্রমাণিত হয়েছে। উক্ত অভিযোগে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(গ) বিধি অনুযায়ী 'পলায়ন (desertion)' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমানিত হওয়ায় তাকে দোষী সাব্যস্ত করে তার বিরুদ্ধে গুরুদণ্ড আরোপের সিদ্ধান্ত গৃহীত হয়। পরবর্তীতে গত ০৭/০৭/২০২৪ খ্রিঃ তারিখে ০৮. ০১. ০০০০. ০১৩. ০১. ০৫৭. ১৬ /১৪৮ নং স্মারকের মাধ্যমে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানা বরাবর যথাযথ পদ্ধতিতে প্রেরণ করার জন্য কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা বরাবর পত্র প্রেরণ করা হয়। পরবর্তীতে অভিযুক্ত কর্মকর্তার বর্তমান ও স্থায়ী ঠিকানায় রেজিষ্টার্ড ডাকযোগে প্রেরণ করা হলেও তা স্থায়ী ঠিকানা থেকে প্রাপক বাড়িতে না থাকায় দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ ফেরত এসেছে এবং বর্তমান ঠিকানায় তাঁর মা গ্রহণ করেছেন মর্মে কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা এর ২৮/০৮/২০২৪ খ্রিঃ তারিখে ২(২২)গোপনীয়/ব্যক্তিগত/০৩/২০২১/১০২ নং স্মারকের মাধ্যমে জাতীয় রাজস্ব বোর্ডকে অবহিত করা হয়।

০৩। যেহেতু, উক্ত দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ প্রাপ্তির ৭ (সাত) কার্যদিবসের মধ্যে জবাব দাখিল করার নির্দেশনা থাকলেও নির্ধারিত সময় অতিক্রান্ত হওয়ার পরও মিজ উম্মে রুমানা ইসলাম (জন্ম তারিখ: ১৮/০৯/১৯৮৭ খ্রিঃ) সহকারী রাজস্ব কর্মকর্তা (সাময়িক বরখাস্ত), কোনো জবাব দাখিল করেননি বিধায় তদন্ত প্রতিবেদনসহ সার্বিক বিষয় পর্যালোচনা করে তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩)(গ) বিধি অনুযায়ী 'চাকরি হতে অপসারণ' গুরুদন্ড প্রদানের বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের পরামর্শ চাওয়া হলে কমিশন মিজ উম্মে রুমানা ইসলাম (জন্ম তারিখ: ১৮/০৯/১৯৮৭ খ্রিঃ) সহকারী রাজস্ব কর্মকর্তা (সাময়িক বরখাস্ত), কে 'চাকরি হতে অপসারণ' নামীয় গুরুদণ্ড আরোপের পরামর্শ প্রদান করেন।

০৪। সেহেতু, মিজ উম্মে রুমানা ইসলাম (জন্ম তারিখ: ১৮/০৯/১৯৮৭ খ্রিঃ) সহকারী রাজস্ব কর্মকর্তা (সাময়িক বরখাস্ত), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩ (গ) অনুযায়ী 'পলায়ন (desertion)' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় এবং বাংলাদেশ সরকারি কর্ম কমিশন এ দপ্তরের প্রস্তাবিত দণ্ডের সাথে সহমত পোষণ করায় একই বিধিমালার ৪(৩)(গ) বিধিমতে গুরুদন্ড হিসাবে তাকে পলায়নের তারিখ অর্থাৎ ১৮/০৫/২০২১ খ্রিঃ তারিখ থেকে 'চাকরি হতে অপসারণ' করা হলো।

৩০/০১/২০২৫

(মোঃ আবদুর রহমান খান এফসিএমএ)
চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

নথি নং: ০৮.০১.০০০০.০১৩.০১.০৫৭.১৬

মাঘ ১৪৩১ বঙ্গাব্দ

তারিখঃ জানুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা।

২। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪। সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (আদেশটি জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৫। মিজ উম্মে রুমানা ইসলাম (জন্ম তারিখ: ১৮/০৯/১৯৮৭ খ্রিঃ) সহকারী রাজস্ব কর্মকর্তা (সাময়িক বরখাস্ত), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা ( স্থায়ী ঠিকানা: ৮-জি, কনসেপ্ট টাওয়ার, ৬৮-৬৯ গ্রীণরোড, ঢাকা)।

৬। ব্যক্তিগত সহকারী, সদস্য (কাস্টমস ও ভ্যাট প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।

Raihan ৩০/০১/২০২৫

(মোঃ রায়হান মেহেবুব)
দ্বিতীয় সচিব (কাস্টমস ও ভ্যাট প্রশাসন-৩)